সদর ও গাংনী উপজেলা জামায়াতের নবনির্বাচিত আমীদের শপথ গ্রহণ

মেহেরপুর সদর উপজেলা জামায়াতের নবনির্বাচিত আমীর মাওলানা সোহেল রানা ও গাংনী উপজেলা জামায়াতের নবনির্বাচিত আমীর ডাক্তার মো: রবিউল ইসলামকে শপথ করানো হয়েছে।

২০২৫-২৬ সেশনের জন্য তাঁদের মেহেরপুর সদর ও গাংনী উপজেলা জামায়াতের আমির নির্বাচিত করা হয়।

আজ শনিবার (২৩ নভেম্বর) বিকালে গাংনী দারুল এয়াতিমখানা হলরুমে আনুষ্ঠানিকভাবে উপজেলা জামায়াতের আমীর হিসেবে নাম ঘোষণা করা হয়। পরে জেলা জামায়াতের আমীর মাওলানা তাজ উদ্দিন খান তাঁকে শপথ বাক্য পাঠ করান।

এসময় মেহেরপুর জেলা জামায়াতের সেক্রেটারী মোহাম্মদ ইকবাল হোসেন, জেলা জামায়াতের বায়তুল মাল সম্পাদক জারজিস হুসাইন, গাংনী উপজেলা জামায়াতের নায়েবে আমীর নাজমুল হুদা, গাংনী পৌর জামায়াতের আমীর আহসানুল হক, জেলা জামায়াতের সূ্রা সদস্য মাওলানা আব্দুর রহমানসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এরআগে, দুপুরের দিকে মেহেরপুর ট্রাষ্ট মসজিদে শপথ পাঠ করানো হয় সদর উপজেলা জামায়াতের নবনির্বাচিত আমির মাওলানা সোহেল রানাকে। জেলা জামায়াতের আমীর মাওলানা তাজ উদ্দিন খান তাঁকে শপথ পাঠ করান।

এসময় জেলা জামায়াতের সেক্রেটারী মোহাম্মদ ইকবাল হোসেন, জেলা জামায়াতের বায়তুল মাল সম্পাদক জারজিস হুসাইন, মেহেরপুর পৌর জামায়াতের আমীর সোহেল রানা ডলারসহ জামায়াত নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

২০২৫-২৬ সেশনে মাওলানা সোহেল রানা সদর উপজেলা জামায়াতের আমীর ও ডাক্তার মো: রবিউল ইসলাম গাংনী উপজেলা জামায়াতের আমীর হিসেবে দায়িত্ব পালন করবেন।

প্রসঙ্গত, সম্প্রতি জামায়াতের উপজেলা নির্বাচন বিভাগের ৬৫ জন পুরুষ ও ৮০ জন নারী রোকনদের প্রত্যক্ষ ভোটগ্রহণ করে। পরে জেলা আমিরের কাছে ফলাফল হস্তান্তর করে।